আকা,
৪ পাতা

াকা
ঠান

পৃথিবীর
সর্ব্বত্র

দেশাস্ত্রী
মরিকা )
(প্রফেসার)
। ৪৲

খাদ্যবিশেষ।
প্রমেহ ও
আনন্দদায়ক

ও স্ত্রীরোগের

ংবাদ !
ন্য সুপ্রসিদ্ধ
ামিও মহা-
ংখ্যক জটিল
আসিতে-
কাতার দরে

প্ত
৩

Reg. No. C. 853

ছাদের জন্য
# লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য পত্র লিখুন।
## নিরঞ্জন গুপ্ত এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ পত্র।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী
জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১।৹ টাকা। নগদ মূল্য ৴২৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।
জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। শ্রীবিনয় কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

২৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৬ই ভাদ্র বুধবার ১৩৪৯ ইংরাজী 2nd Sept. 1942 { ১৫শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫।৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৭৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের দুরূহ ভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

আর্থিক পরিচয়

| | | | |
|---|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... | ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ... | ... | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ... | ... | ৪ „ ২৩ „ „ „ |
| মোট সম্পত্তি | ... | ... | ৪ „ ৬৩ „ „ „ |
| দাবী-শোধ ( ১৯০৭-৪১ ) | ... | ... | ২ „ ৫০ „ „ „ |
| প্রিমিয়াম আয় | ... | ... | প্রায় ১ কোটি টাকা |

## হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স
সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ,
নাগপুর, পাটনা ও ঢাকা।
এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

শ্রীশ্রীসর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৬ই ভাদ্র বুধবার, সন ১৩৪৯ সাল।

## বীরভূম জেলা বোর্ডের চেয়ারম্যান

শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সরকার মহোদয় বিনা প্রতিদ্বন্দ্বিতায় বীরভূম জেলা বোর্ডের চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন। জেলা বোর্ডের বিবিধ কার্য্য তিনি সুশৃঙ্খলার সহিত সম্পাদন করিবেন বলিয়া আশা করা যায়।

---

## ছাত্রের কৃতিত্ব

জানা গিয়াছে যে শ্রীযুক্ত নরেশচন্দ্র রায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকনমিক্সের বি-এ অনার্স পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম হইয়াছেন। মঃ মোকরম হোসেন ও মঃ কাদের ঐ বিশ্ববিদ্যালয়ের কেমিষ্ট্রীর বি-এস-সি অনার্স পরীক্ষায় প্রথম শ্রেণীতে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় হইয়াছেন।

---

## শোক সংবাদ

সংবাদ পাওয়া গিয়াছে যে, মহামান্য সম্রাটের কনিষ্ঠ ভ্রাতা মহামান্য ডিউক-অব-কেণ্ট আইসল্যাণ্ডে যাওয়ার পথে বিমান-দুর্ঘটনার ফলে আকস্মিকভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। রাজ-ভ্রাতার এই আকস্মিক মৃত্যুতে সমগ্র বৃটিশ সাম্রাজ্যে ও মিত্র-পক্ষীয় দেশসমূহে গভীর শোকের ছায়াপাত হইয়াছে।

---

## কাশিমবাজারাধিপতির বদান্যতা

মাননীয় মহারাজা শ্রীশচন্দ্র নন্দী এম-এ, এম-এল-এ মহোদয় তাঁহার বহরমপুরস্থ রিট্রিট নামক সুবিস্তীর্ণ প্রাসাদোপম বাড়ীটী বহরমপুর উচ্চ ইংরাজি বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিকে বিদ্যালয়ের ব্যবহারের জন্য দান করিয়া দিয়াছেন। ইতিপূর্ব্বে মহারাজা বাহাদুর সৈদাবাদ হার্ডিং স্কুলের ম্যানেজিং কমিটিকে তাঁহার নিজস্ব বাড়ীটি দান করিয়াছেন। তাঁহার এই দুইটী বিরাট দানের জন্য বহরমপুরবাসী সকলেরই তাঁহার নিকট কৃতজ্ঞ হওয়া উচিত। তিনি দীর্ঘজীবি হইয়া দেশের ও দশের উন্নতি করুন ইহাই আমাদের কামনা।

---

## বীরভূমে বন্যা

কয়েক দিন যাবত অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে বীরভূম জেলার নানা স্থান হইতে যে সকল সংবাদ আসিতেছে তাহা সত্যই শঙ্কাজনক। অজয় এবং ময়ূরাক্ষী নদীর প্রবল বন্যায় জনসাধারণের যে অপূরণীয় ক্ষতি এবং দুর্দ্দশা হইয়াছে আজিকার এই উদ্বেগজনক পরিস্থিতির মধ্যেও ইহা উপেক্ষণীয় নহে। ষাট্‌পলশা ইউনিয়নের প্রেসিডেণ্ট মহোদয় ময়ূরাক্ষী নদীর উত্তর তীরস্থ গ্রামগুলির যে শোচনীয় অবস্থার বিবরণ প্রকাশ করিয়াছেন তাহা শুনিলে স্বতঃই মনে নৈরাশ্যের চিত্র ভাসিয়া ওঠে। শীর্ষা ইউনিয়নের প্রেসিডেণ্ট মহোদয়ও এক আবেদনে বন্যার ভয়াবহতার কথা বলিয়াছেন এবং বন্যাপীড়িত জনগণের দুর্দ্দশা মোচনের জন্য উভয়েই জনগণের নিকট অর্থ সাহায্যের জন্য আবেদন করিয়াছেন এবং সরকারের কৃপাদৃষ্টি আকর্ষণ করিয়াছেন।

---

## ব্রহ্মের আশ্রয়প্রার্থী ছাত্রছাত্রীদের সুবিধা

### অতিরিক্ত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত

গত ৩রা আগষ্ট হইতে ভারতবর্ষে ব্রহ্মের আশ্রয়-প্রার্থীদের জন্য যে প্রবেশিকা ও বিশ্ববিদ্যালয়ের অন্যান্য পরীক্ষা হইয়া গিয়াছে, বহু ছাত্রছাত্রী বিলম্বে আসিয়া পৌছায় এবং পথশ্রমের ক্লান্তি ও অবসাদবশতঃ ঐ পরীক্ষা দিতে পারে নাই।

একটী সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, এই সমস্ত ছাত্র ছাত্রীর সুবিধার জন্য ব্রহ্ম গভর্ণমেণ্ট ও রেঙ্গুন বিশ্ববিদ্যালয় ভারত সরকারের সহিত পরামর্শ করিয়া ঠিক করিয়াছেন যে, ১৯৪৩ সালের ১১ই জানুয়ারী হইতে উচ্চ-ইংরাজী বিদ্যালয়ের অতিরিক্ত ফাইনাল পরীক্ষা (প্রবেশিকা) এবং বি-এ ও বি-এস-সি (পাশকোর্স) পরীক্ষা লওয়া হইবে। পূর্ব্ব পরীক্ষায় যাহারা ফেল করিবে, তাহারাও এই অতিরিক্ত পরীক্ষা দিতে পারিবে। এই পরীক্ষা দিতে ইচ্ছুক ছাত্রছাত্রীদিগকে রেঙ্গুন বিশ্ববিদ্যালয়ের এডমিনিষ্ট্রেটিভ আফসারের (গ্র্যাণ্ড হোটেল, সিমলা) নিকট নাম রেজিষ্ট্রী করিতে হইবে। বিস্তৃত বিবরণের জন্যও এই ঠিকানায় দরখাস্ত করিতে হইবে।

---

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

### নীলামের দিন ৫ই অক্টোবর ১৯৪২

১৯৪২ সালের ডিক্রীজারী

৫২৭ থাং ডিঃ রাধাগোবিন্দ দাস দিং দেং কার্ত্তিকচন্দ্র দাস দাবি ১৬৷/৬ থানা সুতী মৌজে কদমতলা ২২ শতকের কাত ৩৷০ আঃ ৫৲ খং ২১২ রায়ত স্থিতিবান

---

### চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত

### নীলামের দিন ৬ই অক্টোবর ১৯৪২

১৯৪২ সালের ডিক্রীজারী

৩৯৬ থাং ডিঃ গৌরবিনী বর্ম্মণ্যা দেং মুকুন্দলাল সিংহ দাবি ৪৩৷/০ থানা সমসেরগঞ্জ মৌজে শ্রীরামপুর ১-২৬ শতকের কাত ৪৷৶০ আঃ ৫৲ খং ১৪৩ মোকররী স্বত্ব

---

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্‌সেফী আদালত

### নীলামের দিন ১২ই নভেম্বর ১৯৪২

১৯৪২ সালের ডিক্রীজারী

৪৩৬ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং পাঁচুসুন্দরী দেবী দাবি ২২৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জয়রামপুর ৫৯-৬৫ শতকের কাত ২৬৷৶৮ পাই আঃ ১০৲ খং ৪৫৮ অধীনস্থ খং ৪৫৯ হইতে ৪৮৮, ৪৯০ হইতে ৪৯৬, ৪৯৮ হইতে ৫২৭ রায়ত স্থিতিবান

৪৩৮ থাং ডিঃ ঐ দেং নিরঞ্জনকৃষ্ণ রায় দিং দাবি ২১৷৶৩ থানা ঐ মৌজে মুকুন্দপুর ১-৩১ শতকের কাত ৫৶০ আঃ ৫৲ খং ৪৬ অধীনস্থ খং ৪৭ হইতে ৫৪ রায়ত স্থিতিবান

৪৩৯ থাং ডিঃ ঐ দেং ফতেমন বেওয়া দাবি ১৮৷৶৬ মৌজাদি ঐ ৫৮ শতকের কাত ৩৷৶৪ পাই আঃ ৫৲ খং ৬৪ অধীনস্থ খং ৬৫, ৬৬ রায়ত স্থিতিবান

১৭৩ থাং ডিঃ কুমার রামকিঙ্কর সিংহ দিং দেং মনমোহন সাহা মৃত্যান্তে ওয়ারিশ পুত্র বঙ্কিমবিহারী সাহা নাবালক পক্ষে অলি মাতা সরসীবালা বর্ম্মণ্যা দিং দাবি ৬৩৷৯ থানা সুতী মৌজে সিধরী ২-৬৫ শতকের কাত ১৬৷৶০ আঃ ২০৲ রায়ত স্থিতিবান

২২৩ থাং ডিঃ ভুবনমোহিনী দেবী দেং মুনীশচন্দ্র চৌধুরী দাবি ৫৯৷৶৯ থানা সুতী মৌজে মহেশাইল ৩০/২।

আদালত
৯৪২
ং কার্ত্তিকচন্দ্র
া ২২ শত-
তবান
আদালত
৯৪২
হুন্দলাল সিংহ
ামপুর ১-২৬
রী স্বত্ব
াদালত
৯৪২
: পাঁচুসুন্দরী
জয়রামপুর
৲ খং ৪৫৮
ত ৪৯৬, ৪৯৮
দাবি ২১।৵৩
৫৵০ আঃ
স্থিতিবান
াবি ১৮।৵৬
: ৫৲ খং ৬৪
দেং মন-
বহারী সাহা
। দিং দাবি
তকের কাত
ং মুনীশচন্দ্র
াইল ৩০৲২।

বিঘার কাত ৭।০ আঃ ৩০৲ খং ৫৩১, ৫৩৬, ৫৩৮, ৮৪৪, ৮৪০, ৮৪১, ৮৪২, ৮৪৩, ৮৩৫, ৮৩৬, ৮৩৭, ৮৩৯, ৮৪৫

৫৩৭ খাং ডিঃ নৃপেন্দ্রকৃষ্ণ চৌধুরী দিং দেং শ্বেতবরণী দাসী দাবি ১৫৵৩ থানা স্থতী মৌজে বংশবাটী ১-১৪ শতকের কাত ১॥৵০ আঃ ৮৲ খং ১০১৯

৫৩৮ খাং ডিঃ ঐ দেং ললিতাসুন্দরী দাসী দাবি ১৩॥৵৬ মৌজাদি ঐ ৫৭ শতকের কাত ১৷৴০ আঃ ৫৲ খং ৯৫২

৫৩৯ খাং ডিঃ ঐ দেং কৈলাসনাথ ঘোষ দিং দাবি ১৮।৵৩ থানা স্থতী মৌজে অজগরপাড়া ৪৬ শতকের কাত ২।০ আঃ ১০৲ খং ১০৯

৫৪০ খাং ডিঃ ঐ দেং যোগীন্দ্রনাথ সাহা দিং দাবি ৩১॥৵৩ মৌজাদি ঐ ২-৫৮ শতকের কাত ৪॥৴৯ আঃ ২৫৲ খং ১৩২

৫৪৭ খাং ডিঃ গোপেন্দ্রনাথ সাধু দেং সৌদামিনী দত্তা দাবি ১৫।৵৬ থানা স্থতী মৌজে বাহাগলপুর ৮ শতকের কাত ২৲ আঃ ১২৲ খং ২৬৪

৫৩২ খাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দেং মহম্মদ আলি সেখের ওয়ারিশ হেফাজুদ্দিন সেখ দাবি ৬৩৸৵৬ থানা স্থতী মৌজে বহুতালী ২-৯২ শতকের কাত ৯৲ আঃ ৫০৲ খং ১৩৬০ রায়ত স্থিতিবান

৫৫৮ খাং ডিঃ ঐ দেং চন্দ্র মণ্ডল দিং দাবি ১৬॥৵৩ থানা স্থতী মৌজে বাউরীপুনী ১-৪৩ শতকের কাত ৮৲৪ পাই আঃ ১২৲ খং ২৯ রায়ত স্থিতিবান

৪৯৭ খাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং কালীকুমার চক্রবর্ত্তী দিং দাবি ৮৵৯ থানা স্থতী মৌজে হিলোড়া ৩-২১ শতকের সেস ॥০ আনা আঃ ৫৲ খং ১১৭৭

৫৩৩ খাং ডিঃ সেবাইত মহান্ত ভগবান দাস দেং ক্ষেন্ত বালা মালিনী দিং দাবি ৮২।৵৬ থানা সাগরদীঘি মৌজে জাগলাই ১-৫৩ শতকের কাত নিজাংশে ৬৸৵৬ আঃ ৩০৲ খং ২৫২ রায়ত স্থিতিবান

---

## চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

### নীলামের দিন ১৩ই নভেম্বর ১৯৪২

১৯৪২ সালের ডিক্রীজারী

৬১ মনি ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং শ্যামাপদ নাথ দাবি ২৪৴০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১-৩০ শতকের কাত ৫॥৴০ নিজাংশে ৪॥৴১০ আঃ ১৫৲ খং ৬৬৬।১ অধীনস্থ খং ৬৬১।২, ৬৬১।৫, ৬৬১।৬, ৬৬১।১০ হইতে ৬৬১।১৫ চিরস্থায়ী মোকররী স্বত্ব

---

# পাক্ষিক পত্র

( পূর্ব্ব প্রকাশিতের পর )

**১০ই আগষ্ট**—ভূমধ্যসাগরে মার্কিন বমার-বিমান ১০,০০০ টনের একখানা ইটালিয়ান চালানি জাহাজ ডুবিয়ে দিয়েছে। একটা 'কন্‌ভয়' জাহাজদলের উপরেও বোমা ফেলা হয়েছিল—এই দলে ৩ খানা চালানি জাহাজ ও ৮ খানা ডেষ্ট্রয়ার ছিল। সমস্ত রুশ সীমান্তেই জোর যুদ্ধ চলছে। উত্তর ককেসাস্ অঞ্চলে রুশ সৈন্যরা স'রে নতুন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। জার্মানরা মরি কি বাঁচি পণ ক'রে এইখানে অভিযান চালাচ্ছে। কিন্তু লেনিনগ্রাড অঞ্চলে রুশরা শত্রুর হাত থেকে অনেকগুলো মূল্যবান জায়গা কেড়ে নিয়েছে। রাশিয়ার পক্ষে এটি একটি সঙ্কটময় মুহূর্ত্ত, কিন্তু জার্মানদের আক্রমণ অতি হিংস্র এবং মারাত্মক হওয়া সত্ত্বেও রাশিয়ার শক্তি এখনও আগের মতোই প্রবল আছে—উপরন্তু শত্রু ধ্বংসের উৎসাহ তাদের আরও বৃদ্ধি পেয়েছে। জাপানীদের অধিকারভুক্ত সলোমন দ্বীপপুঞ্জে এবং অ্যালিউশিয়ান দ্বীপপুঞ্জের কির্কা দ্বীপে মার্কিনরা একযোগে আক্রমণ আরম্ভ করেছে।

**১১ই আগষ্ট**—উত্তর পশ্চিম জার্মানিতে অনেকগুলো রেলপথ এবং শিল্পকেন্দ্রের উপর শক্তিশালী ব্রিটিশ বিমানদল গিয়ে আক্রমণ চালিয়ে এসেছে। উত্তর ফ্রান্সেও আক্রমণ করা হয়েছিল। এই সব আক্রমণের ফলে অস্ত্রশস্ত্র এবং গোলাবারুদের ভীষণ ক্ষতি হয়েছে। প্রশান্ত মহাসাগরে মিত্রপক্ষ সাফল্য লাভ করেছে। মার্কিন বাহিনী সলোমন দ্বীপপুঞ্জে এসে নামতে সক্ষম হয়েছে। কিউবান এলাকায় রুশ সৈন্যরা কিছু সরে যেতে বাধ্য হয়েছে, কিন্তু ভরোনেঝ এলাকার দক্ষিণ দিকে রুশপক্ষ ছ'টি বড় বড় সুরক্ষিত গ্রাম ফিরে দখল করেছে—এবং জার্মানরা অনেকদূর পিছিয়ে গেছে।

**১২ই আগস্ট**—রাশিয়ার অবস্থা এখনও সঙ্কটাপন্ন রয়েছে। ককেসাস্ অঞ্চলে রাশিয়ানদের আবার পিছনে হটে এসে নতুন জায়গা নিতে হয়েছে, কিন্তু ষ্টালিনগ্রাড অঞ্চলে তাদের প্রতিরোধ কাজ এখনও অপ্রতিহতভাবে চলছে।

**১৩ই আগস্ট**—আর-এ-এফ বিমান রাইনল্যাণ্ড এলাকায় আবার আক্রমণ চালিয়ে জার্মানির অনেক ক্ষতি করেছে। টোব্রুকের উপরেও ভারী আক্রমণ চালানো হয়েছে। আক্রমণের সময় তিনখানা জার্মান বিমান গুলি ক'রে নামানো হয়েছে। শত্রুর অনেক অপূরণীয় ক্ষতি হয়েছে এই আক্রমণে। রাশিয়ার কিউবান এলাকায় জার্মানরা আর্মাভির বিভাগে যতটা বেগে এগিয়ে আসছিল এখন সে বেগ কমে গিয়েছে। জার্মনদের থামানোর জন্য রুশ সৈন্যরা প্রাণপণ চেষ্টা করছে, এবং শত্রুর যথেষ্ট ক্ষতি করতে সক্ষম হচ্ছে। অ্যালিউশিয়ান দ্বীপপুঞ্জের কিস্‌কা দ্বীপের উপর মার্কিনরা এখনও আক্রমণ চালিয়ে যাচ্ছে এবং জাপানীদের ভীষণ ক্ষতি করেছে।

**১৪ই আগস্ট**—জার্মান মার্শাল রমেল একটি বেতার বক্তৃতায় বলেছেন—ঈজিপ্টের যুদ্ধ আমাদের পক্ষে সহজ হয়নি। কষ্ট স্বীকার করতে হয়েছে অতি ভয়ানক। এই যুদ্ধে যারা আমাদের সঙ্গে ছিল তাদের অনেকেই আর আজ আমাদের সঙ্গে নেই। আমাদের শুধু আক্রমণই চালাতে হয়নি—আত্মরক্ষাও করতে হয়েছে অনেকবার। যে কষ্ট আমরা সপ্তাহের পর সপ্তাহ সহ্য করেছি তা ভাষায় বোঝানো সম্ভব নয়।" সলোমন দ্বীপে এখনও যুদ্ধ চলছে। জাপানীরা প্রতিরোধের চেষ্টার ত্রুটি করছে না, কিন্তু তারা মার্কিনদের ঠেকিয়ে রাখতে পারছে না। মিত্রপক্ষের বিমান রাবাউলে ১৫,০০০ টনের একখানা শত্রু জাহাজে আগুন ধরিয়ে দিয়েছে। তা' ছাড়া বান্দা সাগরে এবং টিমরে জাপানীদের জাহাজের উপরে প্রচণ্ড আক্রমণ চালানো হয়েছে। একটা বিমান বাহিনীর পক্ষে যা কিছু করা সম্ভব মিত্রপক্ষের বিমানবাহিনী তার কিছুই বাকী রাখেনি। রাশিয়াতে এখনও প্রচণ্ড যুদ্ধ চলছে। ভরোনেঝ অঞ্চলের অবস্থা এখন রুশদের আয়ত্তে এসেছে।


**১৫ই আগস্ট**—রাশিয়ার দক্ষিণ এলাকায় শত্রু ভীষণ মার খাচ্ছে—তাদের ক্ষতি হয়েছে সাংঘাতিক। ক্রাস্‌নোডার এলাকায় জার্মানরা একটা জায়গায় নদী পার হতে পেরেছে—কিন্তু যত সৈন্য পার হয়ে গিয়েছিল তাদের সবাইকে মেরে ফেলা হয়েছে। সলোমন দ্বীপপুঞ্জের উপর মার্কিনরা ক্রমেই চাপ দিচ্ছে। একটা মল্‌টাগামী ব্রিটিশ কনভয় জাহাজদল ভূমধ্যসাগরে শত্রুর হাতে আক্রান্ত হয় কিন্তু শত্রুর হাত এড়িয়ে জাহাজদল মল্‌টায় পৌঁছে গেছে।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।




# সুরবল্লী



যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস . কলিকাতা**

মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী :—মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

মোহিনী বিড়ির

শাখাসমূহ :—১৬০ নং নবাবপুর রোড, ঢাকা,
সরায়গঞ্জ, মজঃফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস,
গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।
আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা
খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

# সাধনা ঔষধালয়, ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

**মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲**
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

**বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা**
সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

**শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা**
ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

**অবলাবান্ধব যোগ**
প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

## সুসংবাদ ! সুসংবাদ !

জটিল দুরারোগ্য ও পুরাতন পীড়ার চিকিৎসার জন্য সুপ্রসিদ্ধ অভিজ্ঞ চিকিৎসক ডাঃ শ্রীসুরেন্দ্রনাথ দাস, এম-বি, হোমিও মহাশয়ের সহিত পরামর্শ করুন। তিনি এযাবৎ বহু সংখ্যক জটিল ও পুরাতন রোগীর সাফল্যের সহিত চিকিৎসা করিয়া আসিতেছেন। ডাকযোগেও চিকিৎসা করা হয়। কলিকাতার দরে যাবতীয় সরঞ্জামসহ হোমিওপ্যাথিক ঔষধ বিক্রয় হয়।

বিনামূল্যে পশু-চিকিৎসা করা হয়।

ডাঃ স্বর্গীয় সীতানাথ দাসের পুত্র
গভর্ণমেণ্ট হইতে রেজেষ্টারীকৃত ও লাইসেন্সপ্রাপ্ত
ডাঃ শ্রীসুরেন্দ্রনাথ দাস, এম-বি, হোমিও
"সর্ব্বমঙ্গলা ঔষধালয়" পোঃ রাজগাঁ, বীরভূম।